**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
জেলা প্রশাসকের কার্যালয়, রংপুর
সাধারণ শাখা
www.rangpur.gov.bd

স্মারক নম্বর: ০৫.৫৫.৮৫০০.০০০.০০৬.০২.০০০৯.২৬.৭৪৫

১৭ ভাদ্র ১৪৩৩ ব.
তারিখ:--------------------------
০১ সেপ্টেম্বর ২০২৬ খ্রি.

**বিষয়: সার ডিলার নিয়োগ বিজ্ঞপ্তি প্রচার সংক্রান্ত।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, "সার ডিলার নিয়োগ ও সার বিতরণ সংক্রান্ত সমন্বিত নীতিমালা-২০২৬" এর আলোকে রংপুর জেলার মিঠাপুকুর ও পীরগঞ্জ উপজেলার শূণ্য ডিলার ইউনিটের বিপরীতে সার ডিলার নিয়োগ বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: নিয়োগ বিজ্ঞপ্তি ০১ (এক) সেট।

**মো: রমিজ আলম**
অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)
রংপুর।
ফোন-০২৫৮৯৯৬১০৪৪ (অফিস)
ই-মেইল : adcgrangpur@mopa.gov.bd

..........................................................
..........................................................
..........................................................রংপুর

স্মারক নম্বর: ০৫.৫৫.৮৫০০.০০০.০০৬.০২.০০০৯.২৬.৭৪৫/১(৮)

১৭ ভাদ্র ১৪৩৩ ব.
তারিখ:--------------------------
০১ সেপ্টেম্বর ২০২৬ খ্রি.

**অনুলিপি: সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)-**

১। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
২। যুগ্মসচিব, কৃষি মন্ত্রণালয়, সার ব্যবস্থাপনা ও মনিটরিং অনুবিভাগ, ঢাকা।
৩। উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, রংপুর।
৪। সদস্য, জেলা সার ও বীজ মনিটরিং কমিটি, রংপুর।
৫। উপপরিচালক, জেলা তথ্য অফিস, রংপুর। (বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য)
৬। সহকারী কমিশনার (গোপনীয়), জেলা প্রশাসকের কার্যালয়, রংপুর ।(জেলা প্রশাসক মহোদয়ের সদয় অবগতির জন্য)
৭। সহকারী প্রোগ্রামার, আইসিটি শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, রংপুর (ওয়েব পোর্টলে প্রকাশের অনুরোধসহ)।
৮। সম্পাদক...................................................................। (পত্রিকায় প্রকাশের ব্যবস্থা গ্রহণের জন্য)

অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)
রংপুর।
ফোন-০২৫৮৯৯৬১০৪৪ (অফিস)
ই-মেইল : adcgrangpur@mopa.gov.bd



**একই স্মারক ও তারিখে প্রতিস্থাপিত**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, রংপুর
(সাধারণ শাখা)
www.rangpur.gov.bd

স্মারক নম্বর: ০৫.৫৫.৮৫০০.০০০.০০৬.০২.০০০৯.২৬.৭৪২

তারিখ: ১৭ ভাদ্র ১৪৩৩ বঙ্গাব্দ / ০১ সেপ্টেম্বর ২০২৬ খ্রি.

## সার ডিলার নিয়োগ বিজ্ঞপ্তি

"সার ডিলার নিয়োগ ও সার বিতরণ সংক্রান্ত সমন্বিত নীতিমালা-২০২৬" এর আলোকে রংপুর জেলার মিঠাপুকুর ও পীরগঞ্জ উপজেলার নিম্নোক্ত শূণ্য ডিলার ইউনিটের বিপরীতে সার ডিলার নিয়োগের জন্য নিম্নলিখিত শর্তসাপেক্ষে আবেদন পত্র আহবান করা যাচ্ছে:

| ক্রম | উপজেলার নাম | ইউনিয়ন | শূণ্য ডিলার ইউনিট/ সার ডিলারের কার্য এলাকা (............ ওয়ার্ড) |
|---|---|---|---|
| ১ | মিঠাপুকুর | বালুয়া মাসিমপুর | ১. কৃষি ব্লক: বুজরুক সন্তোষপুর (ওয়ার্ড নং- ০৪, ০৫, ০৬) |
| | | বড়বালা | ২. কৃষি ব্লক: বড়বালা (ওয়ার্ড নং- ০১, ০২, ০৩) |
| | | | ৩. কৃষি ব্লক: কেশবপুর (ওয়ার্ড নং- ০৪, ০৫, ০৬) |
| | | মিলনপুর | ৪. কৃষি ব্লক: মিলনপুর (ওয়ার্ড নং- ০১, ০২, ০৩) |
| | | | ৫. কৃষি ব্লক: খামার মকিমপুর (ওয়ার্ড নং- ০৪, ০৫, ০৬) |
| | | গোপালপুর | ৬. কৃষি ব্লক: বান্দের পাড়া (ওয়ার্ড নং- ০১, ০২, ০৩) |
| | | | ৭. কৃষি ব্লক: গোপীনাথপুর (ওয়ার্ড নং- ০৭, ০৮, ০৯) |
| | | বড়হযরতপুর | ৮. কৃষি ব্লক: বড়হযরতপুর (ওয়ার্ড নং- ০৭, ০৮, ০৯) |
| | | মির্জাপুর | ৯. কৃষি ব্লক: শিব দেউলপাড়া (ওয়ার্ড নং- ০৪, ০৫, ০৬) |
| | | ইমাদপুর | ১০. কৃষি ব্লক: রাধাকৃষ্ণপুর (ওয়ার্ড নং- ০৭, ০৮, ০৯) |
| ২ | পীরগঞ্জ | চৈত্রকোল | ১১. কৃষি ব্লক: চৈত্রকোল (ওয়ার্ড নং ০১,০২,০৩) |
| | | বড়দরগাহ | ১২. কৃষি ব্লক: ঢোড়াকান্দর (ওয়ার্ড নং ০১,০২,০৩) |
| | | কুমেদপুর | ১৩. কৃষি ব্লক: বগেরবাড়ী (ওয়ার্ড নং ০৪,০৫,০৬) |
| | | মদনখালী | ১৪. কৃষি ব্লক: জাফরপাড়া (ওয়ার্ড নং ০১,০২,০৩) |
| | | বড় আলমপুর | ১৫. কৃষি ব্লক: পল্লীচড়া (ওয়ার্ড নং ০১,০২,০৩) |
| | | | ১৬. কৃষি ব্লক: হোসেনপুর (ওয়ার্ড নং ০৭,০৮,০৯) |
| | | রায়পুর | ১৭. কৃষি ব্লক: রায়পুর (ওয়ার্ড নং ০১,০২,০৩) |
| | | | ১৮.কৃষি ব্লক: বাহাদুরপুর (ওয়ার্ড নং ০৪,০৫,০৬) |
| | | পীরগঞ্জ | ১৯. কৃষি ব্লক: চককরিম (ওয়ার্ড নং ০১,০২,০৩) |
| | | | ২০. কৃষি ব্লক: ফতেপুর (ওয়ার্ড নং ০৪,০৫,০৬) |
| | | | ২১. কৃষি ব্লক: কিশোরগাড়ী (ওয়ার্ড নং ০৭,০৮,০৯) |
| | | শানেরহাট | ২২. কৃষি ব্লক: ঘোষপুর (ওয়ার্ড নং ০১,০২,০৩) |
| | | | ২৩. কৃষি ব্লক: মেষ্টা (ওয়ার্ড নং ০৪,০৫,০৬) |
| | | পাঁচগাছি | ২৪. কৃষি ব্লক: জাহাঙ্গীরাবাদ (ওয়ার্ড নং ০৭,০৮,০৯) |
| | | কাবিলপুর | ২৫. কৃষি ব্লক: টুকনিপাড়া (ওয়ার্ড নং ০৭,০৮,০৯) |

**শর্তাবলি:**

**(ক)** "সার ডিলার নিয়োগ ও সার বিতরণ সংক্রান্ত সমন্বিত নীতিমালা-২০২৬" -এর পরিশিষ্ট-১-এ প্রদত্ত নমুনা ছক অনুযায়ী আবেদন করতে হবে। আবেদন ফরম www.moa.gov.bd থেকে ডাউনলোড করা যাবে।

**(খ)** আবেদনকারীগণ আবেদনপত্র জেলা প্রশাসকের কার্যালয়, রংপুর এর ওয়েবসাইট www.rangpur.gov.bd এবং উপপরিচালকের কার্যালয়, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, রংপুরের ওয়েবসাইট www.dae.rangpur.gov.bd থেকে ডাউনলোড করা যাবে।

**(গ) যোগ্যতা:**

১। আবেদনকারীকে সংশ্লিষ্ট ইউনিয়ন/উপজেলা এর বাসিন্দা হতে হবে এবং এর প্রমাণক হিসেবে জাতীয় পরিচয়পত্র ও সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান অথবা দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদ দাখিল করতে হবে;

২। সার ডিলারের নিজ মালিকানায় অথবা ভাড়ায় সংশ্লিষ্ট ইউনিয়ন সংশ্লিষ্ট কার্য এলাকায় ন্যূনতম ২৫ মে. টন ধারণক্ষমতা সম্পন্ন গুদাম থাকতে হবে। তবে শর্ত থাকে যে, খাবারের দোকান/রেস্টুরেন্ট, গো-খাদ্য, মাছের খাবার, সবজি দোকানের সঙ্গে সার গুদাম করা যাবে না এবং সারের গুদামে বীজ সংরক্ষণ করা যাবে না;

৩। বস্তাবন্দি সার যথাযথভাবে সংরক্ষণের জন্য গুদামের ভিটি স্বাভাবিক বন্যাসীমার চেয়ে উঁচু ও পাকা থাকতে হবে;

৪। আবেদনকারীকে আর্থিকভাবে সচ্ছল হতে হবে এবং আর্থিক সচ্ছলতার প্রমাণক হিসেবে কমপক্ষে ৫.০ (পাঁচ) লক্ষ টাকার ব্যাংক সচ্ছলতার সাম্প্রতিক সনদ থাকতে হবে;

৫। ইউনিয়ন পরিষদ কর্তৃক প্রদত্ত হালনাগাদ ট্রেড লাইসেন্স থাকতে হবে;

৬। আবেদনকারীর বয়স ন্যূনতম ১৮ (আঠারো) বছর হতে হবে;

৭। আবেদনকারীকে শারীরিক ও মানসিকভাবে সুস্থ এবং চলাচলে সক্ষম হতে হবে; এবং

৮। আবেদনকারীর টিআইএন থাকতে হবে।

**(ঘ) অযোগ্যতা:**

১। ইতোপূর্বে শাস্তিমূলক ব্যবস্থা হিসেবে কারও সার ডিলারশিপ বাতিল হয়ে থাকলে তিনি আবেদনের অযোগ্য হবেন। পাশাপাশি, ইতোপূর্বে ব্যবসায়ে অনিয়মের কারণে অথবা কোনো ফৌজদারি বা অন্য কোনো আইনে দণ্ডপ্রাপ্ত হয়ে থাকলে তিনি ডিলারশিপের জন্য আবেদন করতে পারবেন না। তবে ফৌজদারি অপরাধে দণ্ডপ্রাপ্ত ব্যক্তি সাজাভোগের ২ (দুই) বছর পর আবেদন করতে পারবেন;

২। কোনো বিধিবদ্ধ সরকারি/আধা-সরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান/পাবলিক বিশ্ববিদ্যালয়/এমপিওভুক্ত প্রতিষ্ঠানের কর্মচারী বা জনপ্রতিনিধি ডিলার হতে/থাকতে পারবেন না; এবং

৩। সার ডিলার নিয়োগের ক্ষেত্রে একই পরিবারের একজনের ডিলারশিপ বা যথাযথ কর্তৃপক্ষ প্রদত্ত খুচরা বিক্রেতার আইডি কার্ড থাকলে পরিবারের অপরকেও ডিলারশিপের/খুচরা বিক্রেতার আইডি কার্ডের জন্য আবেদন করতে বা ডিলার বা খুচরা বিক্রেতা হতে পারবেন না। এ ক্ষেত্রে পরিবারের সদস্য বলতে পিতা, মাতা, স্বামী/স্ত্রী, পুত্র, পুত্রের স্ত্রী, পুত্রের পুত্র ও তাঁদের স্ত্রী, অবিবাহিত কন্যা এবং নির্ভরশীল ভাই ও বোন, যারা একখানায় খাদ্য গ্রহণ করেন, তাঁদের বোঝানো হয়েছে।

**(ঙ) সারের ডিলারশিপের জন্য আবেদনপত্র জমাদানের শর্ত ও প্রয়োজনীয় কাগজপত্র:**

১। আবেদনকারীকে নির্ধারিত ছকে (পরিশিষ্ট-০১) আবেদন প্রস্তুত করে তাঁর প্রতিষ্ঠানের নিজস্ব লেটার প্যাডে পরিচায়ক পত্র (Cover Letter) সহ জেলা প্রশাসক ও সভাপতি, জেলা সার ও বীজ মনিটরিং কমিটি, রংপুর বরাবর আবেদন দাখিল করতে হবে;

২। আবেদনপত্রের সঙ্গে নিম্নবর্ণিত দলিলাদি/কাগজপত্র জমা দিতে হবে:

(i) জাতীয় পরিচয়পত্র ও স্থানীয় কর্তৃপক্ষ কর্তৃক ইস্যুকৃত নাগরিকত্ব সনদ;

(ii) সাম্প্রতিক তোলা ৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের ছবি;

(iii) হালনাগাদ ট্রেড লাইসেন্স;

(iv) দোকান ও গুদামের পরিমাপের বর্ণনাসহ মালিকানা দলিলের/ভাড়ার চুক্তিনামার কপি;

(v) আর্থিক সচ্ছলতার প্রমাণক হিসেবে কমপক্ষে ৫.০ (পাঁচ) লক্ষ টাকার ব্যাংক সচ্ছলতার সাম্প্রতিক সনদ;

(vi) আবেদনকারী কর্তৃক স্বাক্ষরিত এবং স্থানীয় জনপ্রতিনিধি কর্তৃক প্রত্যয়িত পরিবারের সদস্যদের পেশাসহ (পিতা, মাতা, পুত্র, অবিবাহিত কন্যা এবং নির্ভরশীল ভাই ও বোন) তালিকা; এবং

(vii) হালনাগাদ আয়কর রিটার্ন দাখিলের সনদ।

৩। আবেদনপত্রের সঙ্গে আবেদন ফি বাবদ অফেরতযোগ্য ২,০০০.০০ (দুই হাজার) টাকার পোস্টাল অর্ডার/পে-অর্ডার/ডিমান্ড ড্রাফট জেলা সার ও বীজ মনিটরিং কমিটির সভাপতি বরাবর জমা দিতে হবে;

৪। একই সঙ্গে সংশ্লিষ্ট জেলা প্রশাসক ও সভাপতি, জেলা সার ও বীজ মনিটরিং কমিটি বরাবর আর্নেস্টমানি বাবদ ১০,০০০/- (দশ হাজার) টাকার পে-অর্ডার/ডিমান্ড ড্রাফট (ফেরতযোগ্য) সংযোজন করতে হবে। আবেদনপত্র যাচাইকালে কোনো প্রকার তথ্যগত বা দালিলিক অসত্যতা অথবা সংযুক্ত কাগজপত্র নকল বা জাল প্রমাণিত হলে উক্ত আবেদনপত্র বাতিল ঘোষণা করা হবে এবং আর্নেস্ট মানি বাবদ জমাকৃত পে-অর্ডার/ডিমান্ড ড্রাফট বাজেয়াপ্ত হবে। ফলাফল প্রকাশের পর জেলা প্রশাসক অনির্বাচিত আবেদনকারীদের আর্নেস্টমানি বাবদ জমাকৃত পে-অর্ডার/ডিমান্ড ড্রাফট ১০ (দশ) কর্মদিবসের মধ্যে ফেরত প্রদানের ব্যবস্থা গ্রহণ করবেন। নির্বাচিত আবেদনকারীর আর্নেস্ট মানি ডিলার নিয়োগের চুক্তি স্বাক্ষরের পর ফেরত প্রদান করা হবে।

৫। ছবিসহ সকল সনদের ফটোকপি প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত করতে হবে।

**(চ)। আবেদনপত্র সংগ্রহ ও দাখিলের শেষ তারিখ ও স্থান:**

(i) ১০/০৯/২০২৬ খ্রি. তারিখ বিকাল ৪.০০ ঘটিকা পর্যন্ত;

(ii) স্থান: উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, রংপুর-এর দপ্তরে সরাসরি জমা দিতে হবে।

<u>বি: দ্র:</u> কোনো কারণ দর্শানো ব্যতিরেকে যেকোনো আবেদনপত্র গ্রহণ বা বাতিল করাসহ এই বিজ্ঞপ্তি বাতিলের সকল ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

২১/৮/২৬

**(ইসরাত জাহান)**
জেলা প্রশাসক, রংপুর
ও
সভাপতি
জেলা সার ও বীজ মনিটরিং কমিটি, রংপুর